

## The Awakened Citizen Program

SATISH CHANDRA MEMORIAL SCHOOL, CHAKDAHA, NADIA

SESSION: 2020-21

CLASS: IX

Worksheet

## কালীমন্দিরের জন্য জমি আজিজুল, নিজাম, আলির

কল্লোল প্রামাণিক

## করিমপুর

মন্দির নির্মাণের জন্য জমি পান করলেন মুসলিম সম্প্রদারের মানুষেরা। ধর্মীয় সম্প্রতির এক জনন্য নজির স্থাপন করল নদিয়ার করিমপুরের দুই ভিন্ন সম্প্রদারের কয়েক জন মানুষ।

করিমপুর কুয়োরপাড় কালীতলার কালীমন্দির তৈরিতে সম্প্রতি এগারো জন প্রায় সতেরো শতক জমি দান করেন। তার মধ্যে ছয় শতক জমির মাজিক আজিজুল বিশ্বাস, নিজাম মণ্ডল ও আলি হোসেন মণ্ডল। এ হাড়াও জমিলাতাদের মধ্যে রয়েছেন সূবল মণ্ডল, বিনীতা প্রামাণিক, পৃথা প্রামাণিক, শৈলেন বিশ্বাস, দিলীপ বিশ্বাস, নিখিল মণ্ডল, উত্তম বিশ্বাস ও দেবরত সরকার।

সর্বজনীন ডাকাত কালী মন্দির কমিটি সূত্রে জানা গিয়েছে, বহু কাল আগে থেকে জঙ্গলের মধ্যে কালীপূজো হয়ে আসছে। পরবর্তী সমত্রে এখানে ছোট্ট একটি পাকা মন্দির তৈরি হলেও মন্দিরের আশেপাশে সামান্য জমিও ছিল না। মন্দির সংলগ্ন সব জমিই



আবাদি জমি। ফলে, মন্দিরে যাওয়ার কোনও রাস্তাও এত দিন ছিল না। অংচ, প্রতি বছর বিরটি ধুমধাম করে এই মন্দিরে এক রাতের কালী পূজো অনুষ্ঠিত হয়। সেখানে এলাকার বহু দর্শনার্থী পূজোয় আসেন। ওই পূজো উপলক্ষে প্রায় পনেরো হাজার মানুষকে স্বিচুড়ি প্রসাদ খাওরানো হয়।
থদিও রাস পূর্ণিমার পরের দিন
মঙ্গলবার অনুষ্ঠিত এ দিনের পুজের
এ বারে করোনার কারণে জমায়েত
এড়াতে বসিয়ে খাওয়ানোর ব্যবস্থা
করা হয়নি। মন্দির কমিটির সম্পাদক
নীরেন বিশ্বাস জানান, সামান্য

জাত্মগার এই মন্দিরে অনেক সমস্যা হত। তাই কমিটির পক্ষ থেকে সংলক্ষ জমির মালিকদের জমিদানের অনুরোধ জানানো হয়েছিল। সেই আবেদনে সাড়া দিয়ে তিন জন মুসলিম ব্যক্তি সহ এলাকার মোট এগারো জন এগিরে আসেন। তাঁরা জমি দান করতে রাজি হরে যান।

নীবেন বধ্দেন, "তাঁদের এই দান ছাড়া মন্দিরের উন্নয়ন সম্ভব হচ্ছিল না।"

জমিদাতা অজিজ্বল বিশ্বাস বলেন, "এখানে দীৰ্ঘ দিন দুই সম্প্ৰদায়ের মানুষ মিলেমিশে বসবাস করে আসছে। সম্প্রীতির পরিবেশে সবাই সবার পাশে দাঁভায়। মন্দিরের জমির প্রয়োজন ছিল। সেই কারণে সকলের সুবিধার্থে জমি দেওয়া হয়েছে।"

একই কথা জানাচ্ছেন অপর জমি
দাতা নিজাম মণ্ডল। তার কথায়, "বহু
প্রাচীন এই মন্দির ছোট থেকেই দেখে
আসছি। জমি না থাকার অনেক সমসা
হত। এই জমি উত্তরাধিকার সূত্রে
পাইনি। নিজের টাকায় কিনেছিলাম।
তত্ত্ব মন্দিরের দরকারে কমিটিকে
জমির একটা অংশ দান করলাম।"

भिक्षमा फिर्क

IMG20201202095220, pg (4000 x 3000)

Anadabazar Patrika Nadia Page 02.12.20

Go through the above news and write the universal Possibilities awaken.

Send your response: durgabari841@gmail.com